# সভা নং-০৬

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৪ খ্রিঃ নভেম্বর মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ স.ম. আজহারুল ইসলাম
প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ ঃ ২১/১১/২০২৪খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, HPV টিকা আরও ৪দিন বর্ধিত করেছে। ২৮/১১/২০২৪ ইং পর্যন্ত ব্রাহ্মণপাড়ার টিকার লক্ষ্যমাত্রা ছিল ১৬৮৭৬ বর্তমানে আমরা ১২৫৬৩ জন ছাত্রীকে টিকা প্রদান করেছি। যার শতকরা ৮২.৩% অর্জিত হয়েছে। বর্তমানে আমার টিকা প্রদান সবচেয়ে চ্যালেঞ্জ হচ্ছে মাদ্রাসা গুলোতে টিকা প্রদান ইসলামিক ফাউন্ডেশনের প্রধানকে অনুরোধ করছি যেন মাদ্রাসাগুলোর সুপার অথবা প্রধান কে নির্দেশ প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। যদি মাদ্রাসার ছাত্রীগুলোকে টিকা প্রদান করতে পারলে আমার ৯৫% টিকা প্রদান সম্ভব হবে। গত মাসে আমার ১,০৪,৭৪৫/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | HPV Vaccniation এর কার্যক্রমে মাদ্রাসা গুলোতে প্রদানে ইসলামিক ফাউন্ডেশন ব্যবস্থা নিতে সভায় জোর তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, রবি মৌসুমের বিভিন্ন ফসলের প্রনোদনা কার্যক্রম সফলভাবে সমাপ্ত হয়েছে। বোরো উচ্চ ফলনশীল ও হাইব্রীড জাতের বীজ ও সার প্রন্যোদন্য বিতরণের উদ্ধোধন শীঘ্রই শুরু হবে। সার ও বীজের মজুদ সন্তোষজনক। মহালক্ষীপাড়া-ডগ্রাপাড়া এই দুই গ্রামের সংযোগস্থলে ড্রেনেজ সমস্যা সংস্কার প্রয়োজন।এর ফলে প্রায় ১০ হেক্টর জমিনে জলাবদ্ধতার সমস্যার সমাধান হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৩ | **প্রকৌশলী বিভাগঃ** উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে,ক) বন্যার কারণে ব্রাহ্মণপাড়া উপজেলার অধিকাংশ রাস্তা ই ভেঙ্গে ক্ষতিগ্রস্থ ও জনগনের চলাচলের অনুপযোগী হয়ে আছে জরুরীভিত্তিতে রাস্তাগুলো মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী কুমিল্লা বরাবর পত্র মাধ্যমে অবহিত করা হয়। এছাড়া ও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা প্রকৌশলী |
| ০৪. | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলার বন্যার্ত চাষীদের মাঝে মাছের পোনা বিতরণ করা হয়েছে। ৮৪০ কেজি পোনা প্রতি ইউনিয়নের ১০ জন বন্যায় ক্ষতিগ্রস্থ চাষীদের মাঝে বিতরণ করা হয়। ৩ লক্ষ টাকার পোনা রাজস্ব খাত হতে কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়। প্রতিজন ক্ষতিগ্রস্থ চাষী ১০.৫ কেজি করে মাছের পোনা পেয়েছেন।<br>মা ইলিশ রক্ষা কার্যক্রম চলাকালীন উপজেলার বিভিন্ন বাজারে অভিযান চালানো হয়। এছাড়া ইলিশ মজুদ রক্ষায় অবহিতকরণ সভা ও ব্যাপক প্রচার প্রচারনা চালানো হয়। উল্লেখ্য দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, গবাদিপশুর চিকিৎসা হয়েছে ২৫০টি কৃত্রিম প্রজনন হয়েছে ৭৫০ মাত্রা, গবাদি পশুর টিকা প্রদান হয়েছে ৪০০ মাত্রা। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, আগামী ০২/১২/২০২৪ খ্রি. হতে ৩য় শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ৩য় প্রান্তিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। ১ম ও ২য় শ্রেণিতে ধারাবাহিক মূল্যায়ন চলামান থাকবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫ সালের এসএসসি/দাখিল পরীক্ষার ফরম পূরনে সর্তক থাকার জন্য সকলকে জানানো হয়েছে। যেন বাড়তি টাকা আদায় করা না হয়।<br>২০২২ সালের ডিগ্রী ৩য়বর্ষের পরীক্ষা ২৫/১১/২৪ হতে শুরু হবে। প্রস্তুতি সম্পর্ণ করা হয়েছে। সাহেবাবাদ ডিগ্রী কলেজ এবং মোশারফ হোসেন খান চৌধুরী ডিগ্রী কলেজে অনুষ্ঠিত হবে। ৫ম-৯ম শ্রেণী কিশোর শিক্ষার্থীদের জরায়ু মুখে ক্যান্সারের টিকাদান কার্যক্রম চলমান। মাদ্রাসাগুলোতে একটু পিছিয়ে আছে। তবে চেষ্টা অব্যাহত আছে। বার্ষিক পরীক্ষা/২৪ ১লা ডিসেম্বর/২৪ হতে শুরু হবে। ২৬/১১/২৪ ইং স্কাউট সমাবেশ অনুষ্ঠিত হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্কভাতা, বিধবাভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং বিধবা ভাতার ২০২৪-২০২৫ অর্থ বছরের ২য় কিস্তির পে রোল দেওয়ার পূর্বে মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপন তালিকা ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য ইতিমধ্যে চিঠি দেওয়া হয়েছে। নির্ধারিত তারিখের মধ্যে প্রতিস্থাপন তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হলো। প্রতিস্থাপনের ক্ষেত্রে অবশ্যই অনলাইনে আবেদন থাকতে হবে অর্থাঃ ভাতার আবেদন ইতিপূর্বে অনলাইনে যারা আবেদন করেছে তাদের মধ্য হতে নীতিমালা অনুসারে অগ্রাধিকার ভিত্তিতে ভাতাভোগী নির্বাচন করতে হবে। প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচন করতে হবে। প্রতিবন্ধী ভাতাভোগীর ক্ষেত্রে অবশ্যই তার " প্রতিবন্ধী পরিচয় পত্র সূবর্ণ নাগরিক কার্ড" থাকতে হবে। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, অক্টোবর/২৪ মাস পর্যন্ত ৩৪ জন যুব ও যুবমহিলার মাঝে ২২,৭০,০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়। ৬০জন যুব ও যুব মহিলাদের পারিবারিক হাঁস-মুরগি পালন ও গবাদি পশু পালন বিষয়ে ভ্রাম্যমান প্রশিক্ষন দেওয়া হয়। চলমান মাসে ঋণ আদায়ের হার ক্রমপুঞ্জিত ৯৩.৪৫%। এছাড়া তার দপ্তর কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে " অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি" (ইজিপিপি) প্রকল্পের ১ম পর্যায়ের প্রকল্প তালিকা-৩ শ্রমিক তালিকা প্রস্তুত করতঃ দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। বন্যায় ব্রাহ্মণপাড়া উপজেলায় সরকারি চাল ৯০ মেঃটন চাল ইউনিয়ন পরিষদ ও বৈষম্য বিরোধী ছাত্র সংগঠনের মাধ্যমে তালিকা করে জনপ্রতি ১০ কেজি করে বিতরণ করা হয়। ৫লক্ষ টাকার (ডাল, তৈল, লবন, মুড়ি, চিড়া, গুড়া মসলা ইত্যাদি শুকনা খাবার প্যাকেট করে বিতরণ করা হয়। ১লক্ষ ৫০ হাজার টাকার গো খাদ্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ক্ষতিগ্রস্থ খামারী পরিবারের মাঝে ১৩৪ গো খাদের প্যাকেট বিতরণ করা হয়। বৈষম্য বিরোধী ছাত্র সংগঠন (বুয়েট) থেকে ত্রাণ বিতরণ করা হয়। নোমান গ্রুপ ৩০০ প্যাকেট ত্রাণ, ব্রাহ্মণবাড়ীয়া নবীনগর হতে (৪৭+ ২৭৩=৩২০) প্যাকেট ত্রাণ ও আস সুন্নাহ ফাউন্ডেশন হতে ৯৫ প্যাকেট ত্রাণ উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে সুষ্ঠ ও সুন্দরভাবে বিতরণ করা হয়। এছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ মাস পর্যন্ত ০৩ মাসের ১১৩.৪৯ মে. টন পুষ্টি চাউল পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে নভেম্বর/২৪ মাসে পুষ্টি চাউল এর ডিও দেওয়া হয়েছে। ২০২৫-২৬চক্রের উপকারভোগীর নির্বাচনের জন্য মন্ত্রণালয়ের প্রদত্ত কর্মপরিকল্পনা আলোকে সকল ইউনিয়নে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। চুক্তিবদ্ধ এনজিও সোশাল শেল্টার ফর ডেভেলপমেন্ট এর মাধ্যমে ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে।<br>কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। মহিলাদের জন্য আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কার্যক্রম আওতায় নভেম্বর/২০২৪ মাসে সর্বমোট ৫৫,৫৫৭/- টাকা ঋণ আদায় করা হয়। নভেম্বর/২৪ মাসে ৫টি নারী ও শিশু নির্যাতন এবং বাল্য বিবাহ প্রতিরোধ কার্যক্রম অভিযোগ পাওয়া যায়। অত্র কার্যালয়ে তদন্তনাধীন ১৫টি অভিযোগ রয়েছে। ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস /২৪ উদযাপন ও জয়িতাদের সম্মাননা প্রদান অনুষ্ঠান আয়োজন করা হবে ও উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) উপজেলা জানান যে, উপজেলা তথ্য কেন্দ্র ভিত্তিক সেবা এবং ডোর টু ডোর সেবা চলমান রয়েছে। জুন/২৪ এর পর উপজেলা তথ্য কেন্দ্রের কোন ধরনের বরাদ্দ না থাকায় উপজেলা তথ্য কেন্দ্রের দৈনন্দিন কার্যক্রম চালু রাখা কষ্টসাধ্য হয়ে গেছে। অফিস ভাড়া, ইন্টারনেট বিল, টেলিফোন বিল , বিদ্যুৎ বিল, অন্যান্য মনিহারী বিল পরিশোধ করা যায়নি। যাতায়াত ভাতা না থাকায় ডোর টু ডোর কার্যক্রম ব্যাঘাত ঘটছে। মেডিকেল কিট না থাকায় স্বাস্থ্য সেবা সঠিক ভাবে প্রদান করা যাচ্ছে না। বর্তমানে সচেতনা মূলক কার্যক্রম এবং উপজেলা প্রশাসনের পক্ষে শিশু খাদ্য বিতরণে সহায়তা করা হচ্ছে। | | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | **উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৪৮৫০ জনের মধ্যে খাবার বড়ি ৫৪৯ জন, কনডম ৬০২৪ জন, ইনজেকশন ৫৫১৫ জন, আইইডি ২৬জন, ইমপ্লান্ট-৮০ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২৭জন এবং মহিলা ৪০৩৩জন, ইউনিয়নের মোট ৩৪৩৪৩ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.৫৭%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৬৭৯ জন,চলতি মাসে নতুন গর্ভবতী ১৮১ জন,গর্ভকালীন ৮৫২ জন ও গর্ভোত্তর ৬০৬ জনকে সেবা প্রদান করা হয়েছে। অক্টোবর/২৪ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৭১ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ** : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবি কর্তৃক ব্রাহ্মণপাড়া উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে এ মাসের মোট সদস্য ভর্তি ১৬ জন, শেয়ার আদায় ২৬,০০০/-টাকা, সঞ্চয় আদায় ১,২২,০০০/-টাকা। চলতি অর্থ বছরে ৪১০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণে বিপরীতে ইতিমধ্যে ১২০.২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় ১১৯.৯৩ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৬১% বিদ্যমান খেলাপী ঋণের টাকা আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত আছে। তদ্রুপরি খেলাপী ঋণ আদায়ে প্রশাসন ও জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করছি। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প( পল্লী সঞ্চয় ব্যাংক)** : ব্যাবস্থাপক, জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ৩১/১০/২৪ইং তারিখ পর্যন্ত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৬.৮০ কোটি টাকা। আদায় হয়েছে ৩.১ কোটি টাকা, বিতরণের লক্ষ্যমাত্রা ছিল ৬.৭০ কোটি টাকা বিতরন হয়েছে ৩.০৫ কোটি টাকা। এই পর্যন্ত সঞ্চয় আদায় হয়েছে ১৪.৭ লক্ষ টাকা। এই পর্যন্ত যারা ঋণ নিয়ে মৃত্যু বরন করেছেন তাদের ঋণ মওকুফ করার জন্য কাগজপত্র যাচাই বাছাই হচ্ছে। খুব তাড়াতাড়ি তাদের ঋণ মওকুফ করে দেওয়া হবে। খেলাপী ঋণ আদায়ের জন্য সদস্যদের কে নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া অত্র দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের ব্রাহ্মণপাড়া উপজেলায় ৯৬টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক নলকূপের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে তালিকা তৈরির জন্য বলা হয়েছে। বর্তমানে ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণের কাজ চলমান আছে। খুব শীঘ্রই আরো ১২টি স্কুলে ওয়াশ ব্লক নির্মাণ কাজ শুরু হবে। আর ১৫টি স্কুলে ওয়াশব্লক নির্মাণ করা সম্ভব না। নাইঘরে বাস্তবায়নাধীন "Rural Piped Water Supply Scheme"এর Soil Test সম্পন্ন হয়েছে। খুব শীঘ্রই পাইলিং এর কাজ শুরু হবে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার ব্রাহ্মণপাড়া দূর্ঘটনা জনিত কারণে অসুস্থ থাকায় তিনি সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, বৈদ্যুতিক সঞ্চালন লাইনের আশেপাশের গাছ কাটার কাজের কারনে বিভিন্ন এলাকার বিদ্যুৎ সাময়িক না থাকার বিষয়ে অবগত করেন। এছাড়াও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১৯ | **বিবিধ আলোচনা ঃ** | | |
| ক. | উপজেলা নির্বাহী অফিসার ব্রাহ্মণপাড়া জানান যে, সোশাল মিডিয়ার মাধ্যমে জরুরি তথ্য প্রচারে সকল দফতর প্রধানকে প্রশাসনের সাথে সমন্বয় করতে তাতে জনগণ উপকৃত হবে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| খ. | কৃষি প্রনোধনা সেবায় জনপ্রতিনিধিদের সম্পৃক্তি করে সঠিক কৃষক নির্বাচন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা সভায় আলোচনা হয়।<br>টিসিবি উপকারভোগীরা যাতে হয়রানি মুক্ত ভাবে টিসিবির পণ্য একাধিক দিন প্রদানের জন্য ব্যবস্থা করতে হবে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |

| ১৯. | বিবিধ আলোচনাঃ | বাস্তবায়ন |
|---|---|---|

গ. উপজেলা প্রকৌলশী ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা জানান যে,২০২৪-২০২৫ ইং অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের তালিকা উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক নিন্মোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য উপস্থাপন করা হলোঃ

| ক্র.নং | প্রকল্পের নাম | পিআইসি/ দরপত্র | সম্ভাব্য ব্যয় | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ১। | আলী আহাম্মদের বাড়ি হতে সিকদার বাড়ির সড়ক পর্যন্ত ইটের সলিং করন | দরপত্র | ২,৫০,০০০.০০ | মাধবপুর |
| ২। | কান্দুঘর জাম্বুরা মার্কেট হতে কান্দুঘর স্কুল পর্যন্ত সড়ক সিসি করন | দরপত্র | ৩,০০,০০০.০০ | |
| ৩। | কান্দুঘর শাহাদাত মেম্বারের বাড়ীর সম্মুখে ব্রীজের এপ্রোচ নির্মাণ | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| ৪। | রানীগাছ সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে মান্দু মিয়ার বাড়ীর রাস্তা সিসি করন | দরপত্র | ২,৫০,০০০.০০ | |
| | | উপ মোট | ১০,০০,০০০.০০ | |
| ৫। | শিদলাই ২নং ওয়ার্ড সামাদ মেম্বারের বাড়ি হতে ইদ্রিস মেম্বারের বাড়ি পর্যন্ত সড়ক সংস্কার | দরপত্র | ৪,০০,০০০.০০ | সিদলাই |
| ৬। | শিদলাই জসিম সাহেবের বাড়ির সম্মুখে ব্রীজের এপ্রোচ নির্মাণ | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| ৭। | লাডুচো খালেকের বাড়ির সামনে বেড়াখলা ব্রীজ নির্মাণ | দরপত্র | ৩,৫০,০০০.০০ | |
| | | উপ-মোট | ৯,৫০,০০০.০০ | |
| ৮। | বড়ধুশিয়া পল্লী বিদ্যুৎ অফিস হতে পশ্চিম দিকে ছোটধুশিয়া সড়ক সিসিকরন | দরপত্র | ৪,০০,০০০.০০ | চান্দলা |
| ৯। | চান্দলা কেবি হাইস্কুলের পূর্বপার্শ্বে সৈয়দ বাড়ির মসজিদ পর্যন্ত সড়ক সিসিকরন | দরপত্র | ২,০০,০০০.০০ | |
| ১০। | চান্দলা ৮নং ওয়ার্ড বায়তুল মামুন জামে মসজিদ হতে গিয়াস উদ্দিনবাড়ি সড়ক উন্নয়ন | দরপত্র | ২,০০,০০০.০০ | |
| ১১। | চারাধারী আঃ মজিদের বাড়ী হতে ইয়াকুব আলীর বাড়ি পর্যন্ত সড়ক সিসি ঢাইই করন | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| | | উপ-মোট | ১০,০০,০০০.০০ | |
| ১২। | কুমিল্লা বাগড়া হাইওয়ে সংলগ্ন বাগড়া ঈদগাহ হতে পূর্বদিকে নোয়াপাড়া সড়ক আরসিসি করণ। | টেন্ডার | ৭,০০,০০০.০০ | শশীদল |
| ১৩। | বাগড়া হাইওয়ে সড়ক হতে পশ্চিম দিকে করিম সাহেবের মাজার হয়ে পশ্চিম দিকে বীর বিক্রম আঃ বারিক মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| ১৪। | শশীদর কেন্দ্রিয় মসজিদ হতে বড়ধুয়িশা রাস্তা পর্যন্ত সড়ক সলিং করন | টেন্ডার | ২,০০,০০০.০০ | |
| | | উপ-মোট | ১১,০০,০০০.০০ | |
| ১৫। | বালিনা আব্বাছের বাড়ি সংযোগ সড়ক সিসি করন | টেন্ডার | ৩,০০,০০০.০০ | দুলালপুর |
| ১৬। | বালিনা মাদ্রাসা হতে দুলালপুর বাজার পর্যন্ত সড়ক সংস্কার ও উন্নয়ন | টেন্ডার | ৩,০০,০০০.০০ | |
| ১৭। | বেজোড়া মাদ্রাসার অজুখানা নির্মাণ | পিআইসি | ১,০০,০০০.০০ | |
| | | উপ- মোট | ৭,০০,০০০.০০ | |
| ১৮। | মহালক্ষীপাড়া পূর্বপাড়া ও ডগ্রাপাড়া জলাশয়ের পানি নিষ্কাসনের জন্য পাইপ ড্রেইন নির্মাণ। | টেন্ডার | ২,০০,০০০.০০ | ব্রাহ্মণপাড়া সদর |
| ১৯। | ধান্যদৌল আঃ রাজ্জাক খান হাইস্কুল সংলগ্ন রাস্তা হতে সামছুল হক মাস্টারের বাড়ীর রাস্তা ইটের সলিং করন। | দরপত্র | ৪,০০,০০০.০০ | |
| ২০। | দীর্ঘভূমি কেন্দ্রিয় মসজিদ থেকে কল্পবাস ঈদগাহ রাস্তা (২য় অংশ) আরসিসি করন। | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| | | উপ- মোট | ৮,০০,০০০.০০ | |
| ২১। | সাহেবাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে টাকুই সড়কে বড়িয়াপাড় জামে মসজিদ পর্যন্ত সড়ক রিটেনিং ওয়াল তৈরি ও সংস্কার | দরপত্র | ২,৫০,০০০.০০ | সাহেবাবাদ |
| ২২। | জিরুইন বাজার হতে রশিদ ভূইয়ার বাড়ি পর্যন্ত সড়ক সলিং করন। | দরপত্র | ২,০০,০০০.০০ | |
| ২৩। | নগরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয় হথে মুক্তা মেম্বার বাড়ির ব্রীজ পর্যন্ত রাস্তা সলিং করন। | দরপত্র | ৪,০০,০০০.০০ | |
| ২৪। | সাহেবাবাদ জাকির চৌধুরী বাড়ীর পার্শ্বে পুকুরে গাইড ওয়াল নির্মাণ। | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| | | উপ-মোট | ১০,৫০,০০০.০০ | |
| ২৫। | অলুয়া হাজী জয়নাল আবেদীন ভূইয়া বাড়ির সামনে থেকে উত্তর দিকে ফারুকের দোকান পর্যন্ত রাস্তা উন্নয়ন। | দরপত্র | ২,০০,০০০.০০ | মালাপাড়া |
| ২৬। | মনোহরপুর রুহুল আমিন ডাক্তারের বাড়ির সামনে হতে উত্তর দিকে রাস্তা উন্নয়ণ। | দরপত্র | ২,০০,০০০.০০ | |
| ২৭। | অলুয়া মধ্যপাড়া আলফালাহ জামে মসজিদের দক্ষিণ পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ। | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| | | উপ মোট | ৬,০০,০০০.০০ | |
| ২৮। | ইউনিয়ন পরিবার পরিকল্পনা অফিসের জন্য আসবাবপত্র ক্রয়। | পিআইসি | ২,০০,০০০.০০ | |
| ২৯। | বেকার যুব মহিলাদের কর্মসংস্থানের উদ্দেশ্যে ফুডকার্ট নির্মাণ। | পিআইসি | ৭৫,০০০.০০ | |
| ৩০। | বেকার যুবকদের ডিজিটাল মার্কেটিং এর উপর ফ্রিলানসিং প্রশিক্ষণ। | পিআইসি | ১,২৫,০০০.০০ | |
| ৩১ | আনুষাঙ্গিক ব্যয় - (৭২,০০,০০০.০০ x ০.৫%) = | | ৩৬০০০.০০ | |
| | | সর্বমোট= | ৭২,০০,০০০.০০ | |

| ক্র.নং | উন্নয়ন তহবিল হতে প্রকল্প | দরপত্র/ আরএকিউ | সম্ভাব্য ব্যয় | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ০১। | উপজেলা পরিষদের সম্মুখ সড়কের ফুটপাথ নির্মাণ। | দরপত্র | ৬,০০,০০০.০০ | |
| ০২। | দেউশ-মন্দবাগ সংযোগ সড়ক সংস্কার | আরএফকিউ | ৬,০০,০০০.০০ | |

**সিদ্ধান্ত ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উন্নয়ন তহবিল এর প্রকল্প তালিকা অনুমোদন হয় পিআইসি, আরএফকিউ ও দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।**

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স.ম. আজহারুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-৭৫(২৮)    তারিখ: ২১/১১/২০২৪খ্রি.

**অনুলিপি :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার , চট্টগ্রাম বভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

**সদয় অবগতির জন্য।**

৬. চেয়ারম্যান..................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা | অবগতি ও কার্যার্থে।
৭. অফিস নথি।

(স.ম. আজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।